

৩২ সরকারী কলেজের  
১১শ' কর্মকর্তা  
কর্মচারীর অস্থায়ী  
পদ সংরক্ষণ

স্টাফ রিপোর্টার । দেশের ৩২টি সরকারী কলেজের এগারো শ' কর্মকর্তা-কর্মচারীর অস্থায়ী পদ রিটেনশন (সংরক্ষণ) করা হয়েছে। সবিবার শিক্ষা মন্ত্রণালয় এই আদেশ জারি করেছে। এতে করে এসব কর্মকর্তা-কর্মচারী আগামী দুয়েক দিনের মধ্যেই তাদের বকেয়া বেতনভাতা তুলতে পারবেন। ৩২টি কলেজ হলো- লক্ষীপুরের সরকারী আদম রুব কলেজ, বরিশালের হাতেম আলী সরকারী কলেজ, রাঙ্গামাটি সরকারী মহিলা কলেজ, দিনাজপুরের ফুলবাড়ী সরকারী কলেজ, খালস্কটিং সরকারী মহিলা কলেজ, টঙ্গী সরকারী কলেজ, মাদারীপুরের বরহামগঞ্জ সরকারী কলেজ, নীলফামারীর চিলাহাটি সরকারী কলেজ, ঝিনাইদহ সরকারী মুকন্দনাহার মহিলা কলেজ, পোপালগঞ্জ শেখ মুহম্মদ রহমান আদর্শ সরকারী কলেজ, বগুড়া শান্তাহার ডিগ্রী কলেজ, সিরাজগঞ্জ শাহজাদপুর সরকারী কলেজ, সিরাজগঞ্জ ইসলামিয়া সরকারী কলেজ, বরিশাল সরকারী কলেজ, পোপালগঞ্জ শেখ ফজিলাতুন্নেসা সরকারী মহিলা কলেজ, দিনাজপুর সরকারী কলেজ, শেরপুর মহিলা কলেজ, ইশ্বরদী সরকারী কলেজ, জামালপুরের মেলাশহ সরকারী কলেজ, শরীয়তপুরের নরিয়া সরকারী কলেজ, নওগাঁ সরকারী সাপাহার ডিগ্রী কলেজ, বরিশালের বাকেরগঞ্জ সরকারী কলেজ, নওগাঁ বদলগাছি সরকারী কলেজ, ঝিনাইদহ সরকারী কেসি কলেজ, মাগুরা সরকারী মহিলা কলেজ, হবিগঞ্জ সরকারী মহিলা কলেজ, লক্ষীপুরের রাংপুর সরকারী ডিগ্রী কলেজ, লক্ষীপুর সরকারী মহিলা কলেজ, নারায়ণগঞ্জ সরকারী সফর আলী কলেজ, বরগুনা সরকারী মহিলা কলেজ, ফরিদপুর চরভদ্রাসন সরকারী কলেজ এবং বগুড়া শান্তাহার সরকারী কলেজ।

১১০  
STAMP